# তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসা, ঢাকা

**প্রাক নির্বাচনী অনলাইন পরীক্ষা-২০২০**

**শ্রেণি ঃ অষ্টম** **বিষয় কোড: ১ ৩ ৩**

**বিষয় ঃ আকাইদ ও ফিক্‌হ (সৃজনশীল)**

**সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান ঃ ৭০**

[বি. দ্র.: আকাইদ অংশ হতে **২টি**, ফিকহ অংশ হতে **৪টি** ও আখলাক অংশ হতে **১টি**, মোট **৭টি** প্রশ্নের উত্তর দিতে হবে। প্রত্যেক প্রশ্নের মান সমান।]

## আকাই অংশ

১। জামাল নিয়মিত সালাত ও সাওম আদায় করে। কিন্তু সে পুনরুত্থান সম্পর্কে বলে, কিভাবে একজন মৃত ব্যক্তি ধ্বংস হওয়ার পর পুনরায় উত্থিত হবে? এটা অসম্ভব। তার বন্ধু কামাল বলে, আল্লাহর কাছে সব সম্ভব। তোমার এ বিষয়ে সন্দেহ থাকলে শত আমল করেও লাভ নেই।

ক. عقيدة শব্দের বহুবচন কী? ১

খ. তাওহীদী عقيدة বলতে কী বুঝ? ২

গ. জামালের করণীয় কী? কুরআন সুন্নাহর আলোকে বর্ণনা কর। ৩

ঘ. কামালের বক্তব্যের সাথে তুমি কি একমত? পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

২। নাসের সাহেব আমলের প্রতি অতি উৎসাহী। তাই তিনি রাসূলুল্লাহ (সা.)-এর সুন্নাত পালনের প্রতি অতি যত্নবান। মাজেদ সাহেব তাকে বললেন, আপনি সুন্নাতের প্রতি এত গুরুত্ব দেন কেন? শুধু ফরযগুলো আদায় করলেই তো হয়। তার উত্তরে নাসের সাহেব বললেন, রাসূল (সা.) এর মহব্বত ছাড়া নাজাত আশা করা যায় না। আর সুন্নাত পালনের মাধ্যমেই রাসূল (সা.) এর মহব্বত হাসিল করা যাবে।

ক. نبي শব্দের অর্থ কী? ১

খ. رسول কাকে বলে? ২

গ. নাসের সাহেবের কাজটির গুরুত্ব বর্ণনা কর। ৩

ঘ. মাজেদ সাহেবের উক্তিটি কি সঠিক? কুরআন সুন্নাহর আলোকে মূল্যায়ন কর। ৪

৩। আনোয়ার অনেক টাকা পয়সার মালিক। টাকার গরমে ইসলামি বিধি-বিধানের তোয়াক্কা করে না। উপরন্তু সে বলে দুনিয়া আনন্দ-ফুর্তির জায়গা। তাই এখানে একটু আনন্দ-ফুর্তি করে নেই। হুজুরেরা আখেরাতের কথা বলে এটাতো অসম্ভব। এ কথা জেনে ইমাম সাহেব তাকে বললেন: তোমার ধারণা ঠিক নয়, হাশরে আল্লাহ্ তা'আলা দুনিয়ার সকল কাজ-কর্মের হিসাব নিবেন এবং বিচার-ফায়সালা করবেন।

ক. আখেরাতের প্রতি ইমান আনার হুকুম কী? ১

খ. বারযাখ বলতে কি বুঝায়? ২

গ. আনোয়ারের কাজটি ইসলামের দৃষ্টিতে কেমন হয়েছে? পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. ইমাম সাহেবের উক্তিটির যথার্থতা কুরআন সুন্নাহর আলোকে নিরূপন কর। ৪

## ফিকহ্ অংশ

৪। বোরহান একজন বৃদ্ধ ব্যক্তি। তিনি মোজা ব্যবহার করে আত্মিয়ের বাসায় বেড়াতে সফরের নিয়তে বের হলেন। মোজা মাসেহ করলেন। তিন দিন তিন রাত পার হলেও মাসেহের নতুন মুদ্দত শুরু করতে ভুলে গেলেন এবং দুই ওয়াক্ত সালাতও আদায় করলেন। মোজা মাসেহের মুদ্দত পার হয়ে গেছে স্মরণ হলে ইমাম সাহেবকে জানালেন। ইমাম সাহেব তাকে দুই ওয়াক্ত সালাত পুনরায় আদায় করতে বললেন। তিনি বললেন যেহেতু ভুলবশত: হয়েছে তা পুনরায় পড়তে হবে কেন?

ক. মুসাফিরের মোজা মাসেহের মুদ্দত কতদিন? ১

খ. মোজা মাসেহের পদ্ধতি উল্লেখ কর। ২

গ. ইসলামের দৃষ্টিতে বোরহানের কাজটি কিরূপ হয়েছে- উল্লেখ কর। ৩

ঘ. ইমাম সাহেবের মন্তব্য শরী'আতের আলোকে মূল্যায়ন কর। ৪

৫। আদিব মিয়া নিয়মিত জুমুআর সালাতে শরিক হন। জুমুআর পূর্বে এবং পরে আট রাকাআত সুন্নত আদায় করেন। তার ছেলে রাসেল বিদেশ থেকে এসে পিতার সাথে জুমুআর সালাত আদায় করতে গিয়ে সুন্নত পড়েনি। আদিব মিয়া বলল সুন্নত পড় তাতে ফরযের ঘাটতি পূরণ হবে। রাসেল বলল এ সকল সুন্নতের দরকার নেই।

ক. জুমুআর সালাতের খুতবা শুনা কী? ১

খ. খুতবা আরবিতে হবে কেন? ২

গ. রাসেলের কাজটি ইসলামের দৃষ্টিতে ব্যাখ্যা কর। ৩

ঘ. আদিব মিয়ার বক্তব্যটি কুরআন-সুন্নাহর আলোকে বিশ্লেষণ কর। ৪

৬। মাওলানা আফসার উদ্দিন ইদুল আযহার খুতবা পূর্ব আলোচনায় বলেন, আল্লাহর সন্তুষ্টির জন্য নবি ইবরাহিম ও ইসমাঈল (আ.) এর মত কুরবানি দেয়ার প্রস্তুতি গ্রহণ করতে হবে। কুরবানি হবে আল্লাহর জন্য। আলি মিয়া বললেন , সারা বছর গোশত খাওয়ার জন্য কুরবানি দেব। মাওলানা আফসার উদ্দিন তাকে বলল, নিয়ত ঠিক না করলে কুরবানি হবে না।

ক. কুরবানি অর্থ কী? ১

খ. কুরবানির মাধ্যমে সমাজে কী শিক্ষা অর্জিত হয়? ২

গ. মাওলানা আফসার উদ্দিনের বক্তব্য ইসলামের দৃষ্টিতে ব্যাখ্যা কর। ৩

ঘ. আলি মিয়ার বক্তব্যটি শরিয়ত সম্মত কি না? যুক্তির আলোকে মূল্যায়ন কর। ৪

৭। আলি ও আসাদ দুই বন্ধু। দু'জনেই মালেকে নেসাব। আলি রমজান মাসে মালের হিসাব করে যাকাত দিয়েছে এবং পরিবারের ফেতরাও আদায় করেছে। আসাদ প্রতিবেশি ও আত্মীয়দেরকে যাকাত প্রদান করলেও ফিতরা আদায় করেনি। আলি তাকে ফিতরা দিতে বললে, সে বলল যাকাত তো দিয়েছি, ফেতরা দিতে হবে না।

ক. সাদাকাতুল ফিতর কী? ১

খ. ফিতরা কার উপর ওয়াজিব? ২

গ. আসাদের কাজটি শরিয়তের দৃষ্টিতে ব্যাখ্যা কর। ৩

ঘ. আলির কাজটি কুরআন ও সুন্নাহর আলোকে মূল্যায়ন কর। ৪

৮। মাওলানা হাসান লঞ্চে চাঁদপুর থেকে ঢাকা গমন করেন। যোহরের সময় হলে মাওলানা হাসান বললেন আমি তো মুসাফির তাই কসর পড়তে হবে। লঞ্চের কর্মকর্তা বললেন লঞ্চ এখনো ৯২.৫৪ কিলোমিটার পথ অতিক্রম করেনি।

ক. কসর শব্দের অর্থ কী? ১

খ. "কসর" আল্লাহর বিশেষ দান- ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত লঞ্চ কর্মকর্তার মন্তব্য ফিকহের দৃষ্টিতে ব্যাখ্যা কর। ৩

ঘ. মাওলানা হাসানের বক্তব্য কুরআন-সুন্নাহর আলোকে মূল্যায়ন কর। ৪

## আখলাক অংশ

৯। রিয়াদ সালাতের পর আল্লাহর যেকের ও তাসবীহ আদায় করে এবং মুসলিম জনগোষ্ঠীর অন্যতম দিবস সমূহে সে ইবাদতে লিপ্ত হয়। সেলিম এটা দেখে বলে সালাতেই যিকির ও তাসবিহ্ এবং শবে কদর ব্যতীত অন্য কোন দিবসে ইবাদতের প্রয়োজন নেই।

ক. শবে বরাত কোন দেশি শব্দ? ১

খ. শবে কদর এর ফযিলত বর্ণনা কর। ২

গ. রিয়াদের কার্যক্রম শরিয়তের দৃষ্টিতে কেমন? ব্যাখ্যা কর। ৩

ঘ. সেলিমের কথা সঠিক কি না? কুরআন ও সুন্নাহর দৃষ্টিতে মূল্যায়ন কর। ৪

১০। সালাম ব্যাংকে চাকুরি করে। যোহরের সালাতের সময় সালাত আদায় করে এবং কিছু পরিমাণ তাসবিহ পাঠ করে ও দোয়া করে। কবির এ দৃশ্য দেখে বলে, সালাতই দোয়া এর পর দু'আর প্রয়োজন নেই।

ক. سيد الاستغفار কখন পড়তে হয়? ১

খ. হাদীস শরীফের আলোকে দোয়ার আদব লিখ। ২

গ. সালামের কর্ম পদ্ধতি ব্যাখ্যা কর। ৩

ঘ. কবিরের দৃষ্টিভঙ্গি কুরআন ও হাদীসের আলোকে মূল্যায়ন কর। ৪

# তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসা, ঢাকা

## প্রাক নির্বাচনী অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ অষ্টম** **বিষয় কোডঃ** | ১ | ৩ | ৩ |

## বিষয় ঃ আকাইদ ও ফিক্হ (বহুনির্বাচনী)

**সময় ঃ ৩০ মিনিট** **পূর্ণমান ঃ ৩০**

[বি. দ্রঃ সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণ সম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান সমান। প্রশ্নপত্রে কোনো দাগ দেয়া নিষিদ্ধ।]

১। দীন শব্দের অর্থ কী?

ক. ধর্ম পালন করা খ. জীবন ব্যবস্থা
গ. চরিত্র গঠন ঘ. আইন প্রণয়ন

২। আরশ বহনকারী ফেরেস্তা কতজন?

ক. ৪ জন খ. ৫ জন গ. ৬ জন ঘ. ৮ জন

৩। ইবাদত কবুলের শর্ত কোনটি?

ক. তাকওয়া খ. তাযকীয়া গ. ইখলাস ঘ. তাহারাত

৪। الشرك কত প্রকার?

ক. ২ প্রকার খ. ৩ প্রকার গ. ৪ প্রকার ঘ. ৬ প্রকার

৫। ইসলামী শরীয়তের উৎস কয়টি?

ক. ২টি খ. ৩টি গ. ৪টি ঘ. ৫টি

৬। গোসলের ফরজ কয়টি?

ক. ২টি খ. ৩টি গ. ৪টি ঘ. ৫টি

৭। প্রিয়ন নবী (সা.)-এর চরিত্রের প্রমাণ কী?

ক. কুরআন খ. হাদীস গ. ইজমা ঘ. কিয়াস

৮। الرسالة শব্দের অর্থ কী?

ক. দূত খ. চিঠি গ. আনুগত্য ঘ. দাসত্ব

৯। নবি রসুলগণের দায়িত্ব হচ্ছে-

i. তাওহীদের বাণী প্রচার করা ii. আল্লাহর বিধান পৌছে দেওয়া
iii. সঠিক পথ প্রদর্শন করা

নিচের কোনটি সঠিক

ক. i খ. ii গ. i, ii ঘ. i, ii ও iii

১০। আহলে বাইত কাদেরকে বুঝায়?

ক. মুহাজির খ. আনসার গ. নবি-পরিবার ঘ. খোলাফায়ে রাশেদীন

১১। আসমানী কিতাবের প্রতি ইমান আনা কী হওয়ার জন্য শর্ত?

ক. মুত্তাকি খ. মুসলিম গ. আবেদঘ. বেহেশতি

১২। সমগ্র মানবতার জন্য পথ প্রদর্শক কোন কিতাব?

ক. তাওরাত খ. যাবুর গ. ইঞ্জিল ঘ. কুরআন

১৩। কুরআনে মুজিজা হচ্ছে-

i. এর ভাষা পদ্য ও গদ্য রচনার উর্ধ্বে
ii. এটি বিজ্ঞানের আবিষ্কারের সূতিকাগার
iii. এটি সবচেয়ে বেশি তেলাওয়াত হয়

নিচের কোন্টি সঠিক?

ক. i খ. ii গ. i, ii ঘ. i, ii ও iii

১৪। الاخرة অর্থ কী?

ক. উত্তম স্থান খ. পরকাল গ. সমাবেশ ঘ. পুনরুত্থান

১৫। সবচেয়ে মর্যাদাবান জান্নাত কোনটি?

ক. দারুস সালাম খ. দারুল কারার
গ. দারুল মাকাম ঘ. জান্নাতুল ফেরদাউস

১৬। হাশরের ময়দানে কত বছর অবস্থান করতে হবে?

ক. ৫০ বছর খ. ৫০০ বছর
গ. ৫০০০ বছর ঘ. ৫০ হাজার বছর

১৭। الجمعة শব্দের অর্থ কী?

ক. মসজিদে যাওয়া খ. একত্রিত হওয়া
গ. শুক্রবারে সালাত আদায় করা ঘ. পরস্পরের দেখা হওয়া

১৮। জুমুআ সহিহ হওয়ার শর্ত কয়টি?

ক. ৪টি খ. ৫টি গ. ৬টি ঘ. ৭টি

১৯। দুই ইদের সালাত আদায় করা কী?

ক. ফরজ খ. ওয়াজিব গ. সুন্নাত ঘ. মুস্তাহাব

২০। مسافر শব্দের অর্থ কী?

ক. যিনি বিদেশ থাকেন খ. যিনি শহরে থাকেন
গ. যিনি সফর করেন ঘ. যিনি বাহন যোগে ঘুরেন

২১। قصر অর্থ কী?

ক. খাট হওয়া খ. ছোট হওয়া
গ. কনিষ্ট হওয়া ঘ. কম করা ও সংক্ষেপ করা

২২। কসর হচ্ছে-

i. মুসাফিরের পাওনা ii. মুসাফিরের আরামের ব্যবস্থা

iii. এক বিশেষ দান যা আল্লাহ তাআলাই দান করেছেন

নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii গ. iii ঘ. i ও iii

২৩। السهو অর্থ কী?

ক. ভুল করা খ. লোকমা দেয়া

গ. অজান্তে কোন কাজ বাদ দেওয়া ঘ. ভুলের সাজদা করা

২৪। সাহু সাজদা কখন আদায় করতে হয়?

ক. দ্বিতীয় রাকাতে খ. তৃতীয় রাকাতে

গ. চতুর্থ রাকাতে ঘ. শেষ রাকাতে তাশাহুদ পড়ার পর

২৫। সাজদা সাহুর মাধ্যমে সংশোধন হয়-

i. ওয়াজিব তরকের ভুল ii. সুন্নাত তরকের ভুল

iii. ফরজ তরকের ভুল

নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii গ. iii ঘ. i ও iii

ইশরাক মাগরিবের জামায়াতে শরিক হয়েছে। দ্বিতীয় রাকাতে ইমাম সাহেব সুরা ফাতেহা পড়েনি এবং শেষ বৈঠকে সাহু সাজদা না দিয়েই সালাত শেষ করেন।

২৬। ইমাম সাহেব সালাতের কোন বিধান লংঘন করেন?

ক. ফরজ খ. ওয়াজিব গ. সুন্নত ঘ. মুস্তাহাব

২৭। تهجد শব্দের অর্থ কী?

ক. বিছানা ত্যাগ করা খ. আত্মত্যাগ করা

গ. রাত জাগা ঘ. মুহব্বতের সাথে সালাত আদায় করা

২৮। الرجوع অর্থ কী?

ক. ফিরে আসা খ. আগমন করা

গ. আবেদন করা ঘ. নিবেদন করা

২৯। তওবার শর্ত কতটি?

ক. ১টি খ. ২টি গ. ৩টি ঘ. ৪টি

৩০। الدعاء কার অন্যতম ইবাদত?

ক. মোমিনের খ. সকল মানুষের গ. কোন ব্যক্তির ঘ. কোন সম্প্রদায়ের